দৈনিক
ইত্তেফাক

06 SEP 2016

# পাথরঘাটায় উপবৃত্তির জন্য টাকা নেওয়ায় শিক্ষক সাসপেন্ড

■ পাথরঘাটা (বরগুনা) সংবাদদাতা

উপজেলার পদ্মা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগে জাকির হোসেন নামে এক শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। রবিবার উপজেলা শিক্ষা কর্মকর্তার অফিস থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

ঘটনার বিবরণে জানা যায়. শিক্ষক মো.জাকির হোসেন ওই বিদ্যালয়ের উপবৃত্তির টাকা বিতরণের আগে ১৯৫ ছাত্র-ছাত্রীদের নিকট ছবি তোলার খরচ বাবদ জনপ্রতি একশ' টাকা আদায় করে। অভিভাবকগণ ধার-কর্জ করে শিক্ষককে ওই টাকা পরিশোধ করতে বাধ্য হয়। অভিভাবকদের নিকট থেকে অভিযোগ পেয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা তদন্ত করে। তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গেলে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আবদুল মজিদ ওই শিক্ষককে ২৮ আগস্ট সাময়িক বরখাস্ত করেন।

বরখাস্ত শিক্ষক মো. জাকির হোসেন উপবৃত্তির টাকা আত্মসাৎ করার বা জনপ্রতি এক'শ টাকা আদায়ের অভিযোগ অস্বীকার করেছেন। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক উম্মে নাজমা টেলিফোনে জানান, সাসপেন্ডের বিষয়ে কোনো চিঠি তিনি পাননি। শিক্ষক জাকির হোসেন বিদ্যালয়ে নিয়মিত পাঠদান করছেন।

পাথরঘাটা উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. জালাল আহমেদ সাময়িক বরখাস্তের ঘটনা স্বীকার করে জানান, ওই শিক্ষক প্রকারান্তরে দরিদ্র শিশুদের নিকট থেকে উপবৃত্তির টাকা আত্মসাৎ করেছেন।